


# যুগান্তর

## বঙ্গবন্ধুর জন্মদিন ও শিশু দিবস পালিত

প্রকাশ : ১৮ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর ডেস্ক

স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে শনিবার বিভিন্ন জেলা ও উপজেলায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, শোভাযাত্রা, আলোচনা সভা, কেক কাটা, শিশু সমাবেশ, রচনা ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানসহ নানা কর্মসূচি পালিত হয়েছে। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর-

**বগুড়া ব্যুরো :** জেলা প্রশাসক নুরে আলম সিদ্দিকীর নেতৃত্বে র্যালি বের হয়। জেলা আওয়ামী লীগ সভাপতি মমতাজ উদ্দিনের সভাপতিত্বে মজিবর রহমান মজনু, রেজাউল করিম মন্টু, রাগেবুল আহসান রিপু, আসাদুর রহমান দুলু, ডালিয়া নাসরিন রিক্তা প্রমুখ বক্তব্য রাখেন।

**রাজশাহী ব্যুরো :** সভায় প্রধান অতিথি ছিলেন বিভাগীয় কমিশনার নূর-উর-রহমান। বিশেষ অতিথি ছিলেন পুলিশের রাজশাহী রেঞ্জের উপমহাপরিদর্শক এম খুরশীদ হোসেন, রাজশাহী মহানগর পুলিশের কমিশনার মাহাবুবুর রহমান, জেলার পুলিশ সুপার মো. শহীদুল্লাহ, সমাজসেবী শাহীন আক্তার রেণী ও রাজশাহী সিটির প্রথম মেয়র অ্যাডভোকেট আবদুল হাদি। সভাপতিত্ব করেন জেলা প্রশাসক এসএম আবদুল কাদের।

দিবসটি উপলক্ষে মহানগর আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে সভায় সভাপতিত্ব করেন মহানগর আওয়ামী লীগের সভাপতি এএইচএম খায়রুজ্জামান লিটন। সাধারণ সম্পাদক ডাবলু সরকার সভা পরিচালনা করেন। সকালে নগরীর লক্ষ্মীপুর মোড়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে জেলা আওয়ামী লীগের নেতাকর্মীরাও পুষ্পার্ঘ্য অর্পণ করেন। এ সময় মহানগরের সভাপতি এএইচএম খায়রুজ্জামান লিটন ও জেলার সাধারণ সম্পাদক আসাদুজ্জামান আসাদসহ অন্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। এদিকে পবায় ৯৮ পাউন্ডের কেক কাটেন স্থানীয় সংসদ সদস্য আয়েন উদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা আলমগীর কবির।

**রাবি :** শ্রদ্ধা নিবেদনের সময় উপস্থিত ছিলেন রাবি ভিসি অধ্যাপক ড. এম আবদুস সোবহান, প্রো-ভিসি অধ্যাপক ড. আনন্দ কুমার সাহা, রেজিস্ট্রার অধ্যাপক মো. আবদুল বারী, ছাত্র-উপদেষ্টা অধ্যাপক জান্নাতুল ফেরদৌস, জনসংযোগের দফতরের প্রশাসক অধ্যাপক ড. প্রভাষ কুমার কর্মকার, প্রক্টর অধ্যাপক ড. লুৎফর রহমান প্রমুখ।

**খুলনা ব্যুরো :** নগরীর শহীদ হাদিস পার্কে জেলা প্রশাসনের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা মহানগর আওয়ামী লীগের সভাপতি ও সংসদ সদস্য তালুকদার আবদুল খালেক। বিশেষ অতিথির বক্তৃতা করেন সংসদ সদস্য মুহাম্মদ মিজানুর রহমান, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোহাম্মদ ফারুক হোসেন, পুলিশ কমিশনার মো. হুমায়ুন কবীর, খুলনা জেলা পরিষদের চেয়ারম্যান শেখ হারুনুর রশিদ, অতিরিক্ত ডিআইজি মো. হাবিবুর রহমান, পুলিশ সুপার মো. নিজামুল হক মোল্যা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ খুলনা মহানগর ইউনিট কমান্ডার অধ্যাপক আলমগীর কবীর, শিশু অতিথি মো. মাহাথি ইসলাম এবং ফাইরাজ মালিহা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খুলনা জেলা প্রশাসক মো. আমিন উল আহসান।

এদিকে খুলনা বিশ্ববিদ্যালয়ে ভিসি প্রফেসর ড. মোহাম্মদ ফায়েক উজ্জামান পুষ্পমাল্য অর্পণ করেন। পরে ভিসি ‘গণমাধ্যমে বঙ্গবন্ধু’ শীর্ষক প্রদর্শনীর উদ্বোধন করেন। ট্রেজারার প্রফেসর সাধন রঞ্জন ঘোষ, আইন স্কুলের ডিন প্রফেসর ড. মো. ওয়ালিউল হাসানাত প্রমুখ উপস্থিত ছিলেন।

**ইবি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ‘বঙ্গবন্ধু কর্নার’ উদ্বোধন করা হয়েছে। কর্নারের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. রাশিদ আসকারী। উপস্থিত ছিলেন প্রো-ভিসি প্রফেসর ড. শাহিনুর রহমান, ট্রেজারার প্রফেসর ড. সেলিম তোহা, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এসএম আবদুল লতিফ, শিক্ষক সমিতির সাবেক সভাপতি প্রফেসর ড. মাহবুবুর রহমান, প্রক্টর প্রফেসর ড. মাহবুবুর রহমান, ভারপ্রাপ্ত গ্রন্থাগারিক মো. আতাউর রহমান, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি শাহিনুর রহমান শাহিন, সম্পাদক জুয়েল রানা হালিম প্রমুখ।

বরিশাল ব্যুরো : পুষ্পমাল্য অর্পণ করেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সংসদ সদস্য তালুকদার মো. ইউনুসের নেতৃত্বে দলীয় নেতারা। এর পরে পুষ্পমাল্য অর্পণ করেন বরিশাল সদর সংসদ সদস্য জেবুন্নেসা আফরোজ, মহানগর আওয়ামী লীগ সভাপতি গোলাম আব্বাস চৌধুরী দুলাল, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট একেএম জাহাঙ্গীর হোসাইন প্রমুখ। জেলা প্রশাসক মো. হাবিবুর রহমানের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়।

যশোর ব্যুরো : শোভাযাত্রার নেতৃত্ব দেন জেলা প্রশাসক আবদুল আওয়াল। বঙ্গবন্ধু স্মৃতি মুর্যালে পুষ্পস্তবক অর্পণ করেন যবিপ্রবির ভিসি প্রফেসর ড. আনোয়ার হোসেন, জেলা প্রশাসক আবদুল আওয়াল, জেলা পরিষদের চেয়ারম্যান সাইফুজ্জামান পিকুল, জেলা প্রধান নির্বাহী কর্মকর্তা এসএম রফিকুল্লাহ, সিভিল সার্জন দিলীপ কুমার রায়, পুলিশ সুপার আনিসুর রহমান প্রমুখ। সভায় অতিথি ছিলেন মুক্তিযুদ্ধের বৃহত্তর যশোরের মুজিব বাহিনীর প্রধান আলী হোসেন মণি, যশোর জেলা আওয়ামী লীগের সভাপতি শহিদুল ইসলাম মিলন, যশোরের পুলিশ সুপার আনিসুর রহমান ও প্রেস ক্লাব যশোরের সভাপতি জাহিদ হাসান টুকুন।

বাগেরহাট : জেলা প্রশাসক তপন কুমার বিশ্বাসের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন জেলা আওয়ামী লীগের সভাপতি ডা. মোজাম্মেল হোসেন এমপি, মীর শওকাত আলী বাদশা এমপি, মহিলা সংসদ সদস্য হ্যাপী বড়াল, পুলিশ সুপার পংকজ চন্দ্র রায় প্রমুখ।

ঝালকাঠি : শিশু সমাবেশে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মো. হামিদুল হক। অতিরিক্ত জেলা প্রশাসক মো. শহিদুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য দেন পুলিশ সুপার মো. জোবায়েরুর রহমান, জেলা পরিষদ চেয়ারম্যান সরদার মো. শাহ আলম, সিভিল সার্জন ডা. শ্যামল কৃষ্ণ হাওলাদার, জেলা আওয়ামী লীগের সম্পাদক খান সাইফুল্লাহ পনির।

বরগুনা : জেলা প্রশাসক মো. মোখলেছুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন সংসদ সদস্য ধীরেন্দ্র দেবনাথ শম্ভু। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার বিজয় বসাক, উপজেলা চেয়ারম্যান আব্বাস হোসেন মন্টু, পৌর মেয়র মো. শাহাদাত হোসেন প্রমুখ।

গাইবান্ধা : জেলা প্রশাসক গৌতম চন্দ্র পালের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদের হুইপ মাহাবুব আরা বেগম গিনি। বক্তব্য রাখেন পুলিশ সুপার আবদুল মান্নান মিয়া, জেলা আ'লীগ সম্পাদক আবু বকর সিদ্দিক প্রমুখ।

পাবনা : জেলা পরিষদের চেয়ারম্যান রেজাউল রহিম লালের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন জেলা প্রশাসক জসিম উদ্দিন, পুলিশ সুপার জিহাদুল কবির, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী আতিয়ুর রহমান প্রমুখ।

কুষ্টিয়া : কর্মসূচিতে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হাসান হাবিব, অতিরিক্ত পুলিশ সুপার জয়নুল আবেদিন, আ'লীগ সহ-সভাপতি গিয়াস উদ্দিন উপস্থিত ছিলেন।

পঞ্চগড় : স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক প্রিয় সিদ্ধু তালুকদারের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন পঞ্চগড় জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম, পুলিশ সুপার মো. গিয়াসুদ্দিন, সিভিল সার্জন ডা. মোহাম্মদ সাইফুল ইসলাম, সদর উপজেলা চেয়ারম্যান আনোয়ার সাদাত, জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মির্জা আবুল কালাম দুলাল প্রমুখ।

পিরোজপুর : আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন সংসদ সদস্য একেএমএ আউয়াল। জেলা প্রশাসক আবু আহমেদ ছিদ্দীকীর সভাপতিত্বে বক্তব্য রাখেন পুলিশ সুপার মোহাম্মদ সালাম কবির, কাজী তোফায়েল হোসেন, উপজেলা চেয়ারম্যান মজিবুর রহমান খালেক, আক্তারুজ্জামান ফুলু, শাহিদা বারেক ও শিশুবিষয়ক কর্মকর্তা মোজাম্মেল হোসেন।

জয়পুরহাট : জেলা প্রশাসক মো. মোকাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংসদ সদস্য সামছুল আলম দুদু। বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান আরিফুর রহমান রকেট, অতিরিক্ত জেলা প্রশাসক আ ত ম আবদুল্লাহেল বাকি, সিভিল সার্জন ডা. হাবিবুল আহসান তালুকদার প্রমুখ।

নড়াইল : সভায় জেলা প্রশাসক মো. এমদাদুল হক চৌধুরী, পুলিশ সুপার মো. জসিম উদ্দিন, জেলা পরিষদ চেয়ারম্যান সাহরাব হোসেন বিশ্বাস, জেলা আওয়ামী লীগের সভাপতি সুবাস চন্দ্র বোস, সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন খান নিলু, মেয়র জাহাঙ্গীর বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন।

নওগাঁ : র্যালির নেতৃত্ব দেন নওগাঁ-২ আসনে মনোনয়নপ্রত্যাশী মাহমুদ রেজা মেহেদী। উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা আমিনুল ইসলাম, রুহুল আমিন, তছিমুদ্দিন, তছির উদ্দিন, মোকছেদ আলী প্রমুখ।

ভোলা : বক্তব্য রাখেন জেলা প্রশাসক মোহাম্মদ মাকসুদ আলম সিদ্দিক, পুলিশ সুপার মো. মোকতার হোসেন, জেলা পরিষদ প্রশাসক আবদুল মমিন টুলু, ভোলা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর পারভীন আখতার, সিভিল সার্জন ডা. চন্দ্রনাথ দে, উপজেলা চেয়ারম্যান মোশারেফ হোসেন, জেলা পরিষদ প্যানেল চেয়ারম্যান নজরুল ইসলাম গোলদার, অতিরিক্ত জেলা প্রশাসক মাহামুদুর রহমান, মাহামুদুল হক প্রমুখ।

সাতক্ষীরা : জেলা প্রশাসক মোহাম্মদ ইফতেখার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সংসদ সদস্য মীর মোস্তাক আহমেদ রবি, সংসদ সদস্য রিফাত আমিন, পুলিশ সুপার সাজ্জাদুর রহমান, উপজেলা চেয়ারম্যান আসাদুজ্জান বাবু, ইউএনও তহমিনা খাতুন প্রমুখ।

শরীয়তপুর : পথসভায় বক্তব্য রাখেন জেলা প্রশাসক কাজী আবু তাহের, জেলা আওয়ামী লীগের সভাপতি জেলা পরিষদের চেয়ারম্যান ছাবেদুর রহমান খোকা সিকদার, পুলিশ সুপার আবদুল মোমেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অনল কুমার দে।

মাদারীপুর : কর্মসূচিতে অংশগ্রহণ করেন মাদারীপুরের জেলা প্রশাসক ওয়াহিদুল ইসলাম, পুলিশ সুপার মোহাম্মদ সরোয়ার হোসেন, সিভিল সার্জন ফরিদ হোসেন মিয়া, পৌর মেয়র খালিদ হোসেন ইয়াদ, আ'লীগের সম্পাদক কাজল কৃষ্ণ দে।

বেনাপোল : শার্শায় সংসদ সদস্য শেখ আফিল উদ্দিনের নেতৃত্বে শিশু সমাবেশ অনুষ্ঠিত হয়। এ সময় উপজেলা প্রশাসক পুলক কুমার, উপজেলা চেয়ারম্যান সিরাজুল হক মঞ্জু, ভাইস চেয়ারম্যান মেহেদী হাসান প্রমুখ উপস্থিত ছিলেন।

বেনাপোলে পৌরসভা মেয়র আশরাফুল আলম লিটনের নেতৃত্বে র্যালি বের হয়। বেনাপোল কাস্টমস হাউসে কমিশনার বেলাল হোসেন চৌধুরীর নেতৃত্বে অনুষ্ঠানে কাস্টমসের অতিরিক্ত কমিশনার জাকির হোসেন, যুগ্ম কমিশনার এহসানুল হক, ডেপুটি কমিশনার মারুফুর রহমান, ডেপুটি কমিশনার সাইদ আহমেদ রুবেল, অফিসার অ্যাসোসিয়েশনের সভাপতি গোলাম মোর্তজা ও সম্পাদক মোস্তফা আবদুল আল মামুন বক্তব্য রাখেন।

বালিয়াকান্দি (রাজবাড়ী) : ইউএনও মো. মাসুম রেজার সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) খোদেজা বেগম, ওসি হাসিনা বেগম, কৃষি কর্মকর্তা সাখাওয়াত হোসেন, প্রকৌশলী সজল কুমার দত্ত প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আবদুল হান্নান মোল্লা।

স্বরূপকাঠি (পিরোজপুর) : ইউএনও আবু সাঈদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন পৌর মেয়র গোলাম কবির, সহকারী পুলিশ সুপার শাহ নেওয়াজ, ইউপি চেয়ারম্যান সুরত কুমার ঠাকুর, ওসি কেএম তারিকুল ইসলাম, জেলা পরিষদ সদস্য সেলিম হাওলাদার প্রমুখ।

কলারোয়া (সাতক্ষীরা) : ইউএনও মনিরা পারভীনের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি ছিলেন কলারোয়া মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার গোলাম মোস্তফা, ওসি বিপ্লব কুমার নাথ, কৃষি কর্মকর্তা মহাসীন আলী প্রমুখ।

সিংড়া (নাটোর) : ইউএনও সন্দীপ কুমার সরকারের সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান শফিকুল ইসলাম, পৌর মেয়র জাম্মাতুল ফেরদৌস, আওয়ামী লীগের সভাপতি ওহিদুর রহমান শেখ, স্বাস্থ্য কর্মকর্তা ডা. আমিনুল ইসলাম, ওসি মনিরুল ইসলাম প্রমুখ।

তালতলী (বরগুনা) : ইউএনও ফারজানা রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা ভাইস চেয়ারম্যান খলিলুর রহমান হাওলাদার, ওসি পুলক চন্দ্র রায়, মৎস্য কর্মকর্তা শামীম রেজা, শিক্ষা অফিসার লুৎফুল কবির, আলতাফ হোসেন, পরিমল চন্দ সরকার, আবু সিদ্দিক, হারুনুর রশীদ প্রমুখ।

আমতলী : পৌর মেয়র মতিয়ার রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন প্রধান অতিথি ইউএনও সরোয়ার হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান মজিবুর রহমান, আওয়ামী লীগ সহ-সভাপতি নুরুল ইসলাম মৃধা, সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম শাহজাদা আকন, মোতাহার উদ্দিন মৃধা, শহিদুল ইসলাম মৃধা, জিএম ওসমানী হাসান প্রমুখ।

কলাপাড়া : সভায় বক্তব্য রাখেন সাবেক পানিসম্পদ প্রতিমন্ত্রী মাহবুবুর রহমান এমপি, উপজেলা চেয়ারম্যান আবদুল মোতালেব তালুকদার, উপজেলা নির্বাহী অফিসার মো. তানভীর রহমান, আওয়ামী লীগের সম্পাদক এসএম রাকিবুল আহসান, সৈয়দ নাসির উদ্দিন, আলাউদ্দিন আহমেদ, প্রীতি রহমান, ভাইস চেয়ারম্যান মোস্তফা কামাল, সুলতান মাহমুদ প্রমুখ।

বদরগঞ্জ (রংপুর) : প্রধান অতিথি ছিলেন সংসদ সদস্য আবুল কালাম মো. আহসানুল হক চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান ফজলে রাব্বি সুইট। ইউএনও মো. রাশেদুল হকের সভাপতিত্বে বক্তব্য দেন কৃষি কর্মকর্তা মাহবুবুর রহমান, ওসি আখতারুজ্জামান প্রধান প্রমুখ।

নিয়ামতপুর (নওগাঁ) : ইউএনও আবু সালেহ মো. মাহফুজুল আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান এনামুল হক। পরিবার পরিকল্পনা অফিসার সেলিম উদ্দিনের সঞ্চালনায় সভায় বক্তৃতা করেন কৃষি অফিসার আমীর আবদুল্লাহ মো. ওয়াহিদুজ্জামান, শিক্ষা অফিসার শাহ আলম শেখ, মহিলাবিষয়ক কর্মকর্তা নিলুফার ইয়াসমিন, আবেদ হোসেন মিলন প্রমুখ।

চারঘাট (রাজশাহী) : উপজেলা নির্বাহী কর্মকর্তা আশরাফুল ইসলামের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন আ'লীগের সভাপতি আনোয়ার হোসেন, ডা. রফিকুল আলম, আ'লীগের সম্পাদক ফকরুল ইসলাম, ওসি নজরুল ইসলাম, একরামুল হক, রায়হানুল হক রানা প্রমুখ।

রাঙ্গাবালী (পটুয়াখালী) : সভায় বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান দেলোয়ার হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান জেসমিন সুলতানা, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তপন কুমার ঘোষ, শিক্ষা কর্মকর্তা গোলাম সগির, ওসি মিলন কৃষ্ণ মিত্র, নূরে আলম ফকু প্রমুখ।

কাউখালী (পিরোজপুর) : সহকারী কমিশনার (ভূমি) মাধবী রায়ের সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান কামরুজ্জামান মিঠু, আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি শাহ মো. কাইয়ুম, ভারপ্রাপ্ত সম্পাদক মনিরুজ্জামান পল্টন, সাবেক সভাপতি আবদুস শহীদ, সুনীল কুণ্ডু, শেখ সামছুদোহা চাঁন, মহিবুল্লাহ, আবদুস সালাম, জাকির হোসেন প্রমুখ।

পীরগঞ্জ (ঠাকুরগাঁও) : ইউএনও এডব্লিউএম রায়হান শাহের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন সাবেক সংসদ সদস্য ইমদাদুল হক, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি ইকারমুল হক, পৌর মেয়র কশিরুল আলম, কৃষিবিদ আবুল কালাম আজাদ, শিক্ষা অফিসার নজরুল ইসলাম, মুক্তিযোদ্ধা ইব্রাহীম খান, নুরনবী চঞ্চল প্রমুখ।

আগৈলঝাড়া : আবু সালেহ লিটন সেরনিয়াবাতের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন আবুল হাসানাত আবদুল্লাহর ব্যক্তিগত কর্মকর্তা খায়রুল বাশার, উপজেলা চেয়ারম্যান গোলাম মোতুজ্জা খান, মুক্তিযোদ্ধা আ. রইচ সেরনিয়াবাত, মহিলা ভাইস চেয়ারম্যান মলিনা রানী রায়।

নাজিরপুর : উপজেলা নির্বাহী কর্মকর্তা ঝুমুর বালার নেতৃত্বে র্যালি বের হয়।

শিবগঞ্জ : চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে কেক কাটা, আলোচনা সভা ও ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক শিবগঞ্জ আসনের দলীয় মনোনয়নপ্রত্যাশী ডা. সামিল উদ্দিন আহমেদ শিমুলের সার্বিক সহযোগিতায় এ কর্মসূচি পালিত হয়।

ভাঙ্গারিয়া : ইউএনও শাহীন আক্তার সুমীর সভাপতিত্বে বক্তব্য রাখেন- উপজেলা চেয়ারম্যান আতিকুল ইসলাম, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার খান এনায়েত করিম, উপজেলা আওয়ামী লীগের দফতর সম্পাদক আবদুল হালিম, শিমুল প্রমুখ।

চিলমারী (কুড়িগ্রাম) : ইউএনও মির্জা মুরাদ হাসান বেগের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান শওকত আলী সরকার বীরবিক্রম।

দৌলতখান : ইউএনও মো. কামাল হোসেনের সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান মঞ্জুর আলম খান, পৌর মেয়র মো. জাকির হোসেন তালুকদার।

রামপাল (বাগেরহাট) : সহকারী কমিশনার মুহাম্মদ শাহরিয়ার মুক্তার সভাপতিত্বে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান শেখ মোয়াজ্জেম হোসেন, সাবেক উপজেলা চেয়ারম্যান অধ্যাপক মোল্যা আ. রউফ।

টেকেরহাট (মাদারীপুর) : ইউএনও মোশারেফ হোসেনের সভাপতিত্বে বক্তব্য রাখেন- উপজেলা চেয়ারম্যান মো. শাহজাহান খান, পৌর মেয়র শামিম নেওয়াজ মুন্সী প্রমুখ।

বোরহানউদ্দিন (ভোলা) : ইউএনও মো. আ. কুদ্দুসের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলী আজম মুকুল এমপি। বক্তৃতা করেন পৌর মেয়র রফিকুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান মাহফুজা ইয়াসমিন প্রমুখ।

বিরামপুর (দিনাজপুর) : একেএম শাহজাহানের সভাপতিত্বে বক্তব্য রাখেন এমপি শিবলী সাদিক, পৌর মেয়র লিয়াকত আলী সরকার টুটুল, ইউএনও তৌহিদুর রহমান প্রমুখ।

শেরপুর (বগুড়া) : ইউএনও সিরাজুল ইসলামের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন সংসদ সদস্য মো. হাবিবুর রহমান, পৌর মেয়র আবদুস সাত্তার, সহকারী কমিশনার লিটন সরকার।

মুলাদী (বরিশাল) : সভায় উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান তারিকুল হাসান মিঠু খান, ইউএনও আবু জাফর রাশেদ, সহকারী পুলিশ সুপার মো. মতিউর রহমান প্রমুখ।

পতঙ্গীতলা (নওগাঁ) : ইউএনও মাসুদা পারভীনের সভাপতিত্বে র্যালিতে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার তারেক জোবায়ের, সহকারী কমিশনার (ভূমি) আবদুল করিম প্রমুখ।

উল্লাপাড়া (সিরাজগঞ্জ) : ইউএনও মো. আরিফুজ্জামানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান মারুফ বিন হাবিব, পৌরসভার মেয়র এসএম নজরুল ইসলাম।

তারাগঞ্জ (রংপুর) : ইউএনও জিলুফা সুলতানার সভাপতিত্বে অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আনিছুর রহমান লিটন।

দুমকি (পটুয়াখালী) : ইউএনও রায়হান আহমেদের সভাপতিত্বে আয়োজিত সভায় বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান শাহজাহান সিকদার, হুমায়ুন কবির প্রমুখ।

মঠবাড়িয়া (পিরোজপুর) : জেলা আ'লীগ সহ-সভাপতি হৃদরোগ ও বাতজুর বিশেষজ্ঞ অধ্যাপক ডা. এম নজরুল ইসলামের পরিচালনায় শনিবার ফ্রি মেডিকেল ক্যাম্প করেন।

কেশবপুর (যশোর) : ইউএনও মিজানুর রহমানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রীর একান্ত সহকারী সচিব (এপিএস) মঞ্জুরুল হাফিজ, রফিকুল ইসলাম।

মঠবাড়িয়া (পিরোজপুর) : ইউএনও জিএম সরফরাজের সভাপতিত্বে বক্তব্য রাখেন আ'লীগের সহ-সভাপতি আরিফ-উল-হক, সম্পাদক আজিজুল হক সেলিম মাতুব্বর প্রমুখ।

চিতলমারী (বাগেরহাট) : ইউএনও মো. আবু সাঈদ, আ'লীগ ভারপ্রাপ্ত সভাপতি মো. বাবুল হোসেন খাঁন, সম্পাদক পিয়ুষ কান্তি রায় পুষ্পার্ঘ্য অর্পণ করেন।

বাবুগঞ্জ (বরিশাল) : শ্রদ্ধা জানান, সংসদ সদস্য শেখ মো. টিপু সুলতান, উপজেলা চেয়ারম্যান সরদার খালেদ হোসেন স্বপন, ইউএনও সুজিত হাওলাদার প্রমুখ।

চাটমোহর (পাবনা) : আওয়ামী লীগের সভাপতি সাখাওয়াত হোসেন সাখোর সভাপতিত্বে সভায় বক্তব্য দেন, সিনিয়র সহ-সভাপতি এসএম নজরুল ইসলাম, আবদুল মালেক প্রমুখ।

শিবগঞ্জ (চাঁপাইনবাবগঞ্জ) : ইউএনও শফিকুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য দেন সংসদ সদস্য মোহা. গোলাম রাব্বানী, পৌরসভার মেয়র কারিবুল হক রাজিন প্রমুখ।

বানারীপাড়া (বরিশাল) : প্রধান অতিথি ছিলেন এমপি তালুকদার মো. ইউনুস। শরীফ উদ্দীন আহমদ কিসলুর সভাপতিত্বে বক্তৃতা করেন বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সভাপতি শাহে আলম, ক্যাপ্টেন এম মোয়াজ্জেম হোসেন, উপজেলা চেয়ারম্যান গোলাম ফারুক, সুভাষ চন্দ্র শীল।

কাঁঠালিয়া (ঝালকাঠি) : ইউএনও ডা. শরীফ মুহম্মদ ফয়েজুল আলমের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন ভাইস চেয়ারম্যান এমাদুল হক মনির, আবদুল্লাহ আল মামুন প্রমুখ।

কাউনিয়া (রংপুর) : কৃষি কর্মকর্তা সাইফুল আলমের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা কমান্ডার সুরঞ্জামান, সাবেক কমান্ডার আজিজুল ইসলাম মোল্লা প্রমুখ।

বাগাতিপাড়া (নাটোর) : সভায় ইউএনও নাসরিন বানুর সভাপতিত্বে অতিথি ছিলেন সংসদ সদস্য আবুল কালাম, উপজেলা চেয়ারম্যান হাফিজুর রহমান প্রমুখ।

চাটমোহর (পাবনা) : ইউএনও সরকার অসীম কুমারের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন সিনিয়র সহকারী পুলিশ সুপার তাপস কুমার পাল, শিক্ষা অফিসার আশরাফুল ইসলাম প্রমুখ।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।